

১৩৭ নং

তাল—একতাল

গুরুচাঁদ হে! ও গুরুচাঁদ হে!

আমি চরণ ছাড়া হ'লেম আমার কর্মদোষে।

এমন পরম দয়াল তাক্তে ভবে, মজলেম রিপূর বসে ॥

১। যে দিন এলাম তোমায় ছেড়ে,

জন্ম নিলেম মা'র উদরে গুরুচাঁদ হে।

ও সে অন্ধকারে দয়া করে, (দয়াল) ছিলে পাশে ॥

২। দেখে ভবের রাঙ্গা ফুলে, তোমায় আমি গেলাম ভুলে,

গুরুচাঁদ হে।

পেয়ে ঘর-বাড়ী, বন্ধু, নারী হারা হলেম দিশে ॥

৩। তুমি ত পরম দয়াল, সাধলে নিয়ে প্রেমামৃত ফল,

গুরুচাঁদ হে।

আমি তোমার সে ফল ফেলে দিয়ে, খেলাম বিষয় বিষে ॥

৪। বেলা গেল সন্ধ্যা হ'ল পারের খেয়া ছেড়ে গেল,

গুরুচাঁদ হে।

আমায় কাঙ্গাল বলে, গেল ফেলে,

এখন কাঁদি বসে ॥

৫। বিপদে আর বন্ধু কেউ নাই, এস তুমি ক্ষীরোদের সাঁই,

গুরুচাঁদ হে।

বলে গোপালচাঁদ, মনমোহন, থাক্গে তাঁর আশে ॥

—মনমোহন